পিতামাতাদের জন্য তথ্য বিবরণী

Notes for Parents

আপনি যদি এই তথ্য

- বড় ছাপার অক্ষরে
- ব্রেইলে
- অডিও টেপে
- মাতৃ ভাষায়

পেতে চান দয়া করে ফ্রাসার মিশেল (Fraser Mitchell) এর সাথে (01224) 664630 নম্বরে বা fraser.mitchell@aberdeenshire.gov.uk এ ইমেইলে যোগাযোগ করুন।

আপনাকে এবারডীনশ্যায়ার এর এডুকেশন সিস্টেম এবং সরকারী আইন কানুনের নির্দিষ্ট কিছু বিষয়ের উপর মৌলিক তথ্য প্রদানের জন্য এই তথ্য বিবরণীটি তৈরী করা হয়েছে যার সাথে আপনার সন্তানের স্কুলের অভিজ্ঞতার সম্পর্ক থাকতে পারে। এই পুস্তিকাটিতে উল্লেখিত রয়েছে এমন কোন তথ্যের বিষয়ে আপনার কোন প্রশ্ন থাকলে অথবা ভবিষ্যতে কখনো কোন প্রশ্ন করতে চাইলে আপনি এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন (শিক্ষা ও বিনোদন) বিষয়ক সুনির্দিষ্ট অফিসে যোগাযোগ করবেন। এই বিবরণীতে সংযুক্ত তথ্যগুলো ৩১শে ডিসেম্বর ২০০৪ থেকে সঠিক বলে বিবেচনা করা হবে তবে যে কোন সময়ে এর পরিবর্তন হতে পারে যেমন, স্কুলের খাবারের দাম যদি বেড়ে যায়। এছাড়া জাতীয় বা স্থানীয় সরকারের সিদ্ধান্তের ফলে কর্তৃপক্ষ এই বুকলেটে প্রদত্ত তথ্যের যে কোন ধরণের পরিবর্তনের অধিকার সংরক্ষণ করে।

পুস্তিকার শেষ দিকে প্রতিষ্ঠানের তালিকা প্রদান করা হয়েছে।

সকল স্কুলেই সহশিক্ষা চালু আছে।

ভূমিকা

এবার্ডীনশ্যায়ার কাউন্সিল নিম্নলিখিত পর্যায়ের এডুকেশন সার্ভিসেস (শিক্ষা সেবা) প্রদানের জন্য দায়িত্বশীল:

প্রি-স্কুল (প্রাক-স্কুল)
প্রাইমারী (প্রাথমিক)
সেকেন্ডারী (মাধ্যমিক)
শিক্ষার্থীদের জন্য সাপোর্ট (শিক্ষা মনোবিজ্ঞানসহ)
কমিউনিটি

এবার্ডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন এর নিজস্ব দুই শত এর অধিক প্রতিষ্ঠান রয়েছে, যার মধ্যে আছে:

২টি ফ্রিস্ট্যান্ডিং নার্সারী ইউনিট
৮৪টি নার্সারী ক্লাস/ইউনিট
১৫৫টি প্রাইমারী স্কুল
১৭টি সেকেন্ডারী স্কুল
৩৫টি কমিউনিটি সেন্টার
৪৪টি স্পেশাল নিডস ইউনিট
৪টি স্পেশ্যাল স্কুল

এই সকল প্রতিষ্ঠানের নিম্নোক্ত সংখ্যার অধিক ছাত্র/ছাত্রীদের জন্য খাদ্য সরবরাহ করে থাকে।

২৬০০	নার্সারী শিশু	১৫৯০০	সেকেন্ডারী ছাত্র/ছত্রী
২০০০০	প্রাইমারী ছাত্র/ছাত্রী	৩৩০	স্পেশ্যাল নিডস ছাত্র/ছাত্রী

এবাডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন এর পাঁচটি এডুকেশন অফিস রয়েছে যেগুলো নিম্নলিখিত অথরিটি এলাকায় কাজ করে:

Banff and Buchan Area Education Office
St Leonards
Sandyhill Road
Banff
AB45 1BH
Tel: 01261 813340
Fax: 01261 813396

Buchan Area Education Office
Old Infant Building
Prince Street
Peterhead
AB42 1PL
Tel: 01779 473269
Fax: 01779 470390

Formartine Area Education Office
Towie House
Manse Road
Turriff
AB53 4AY
Tel: 01888 562427
Fax: 01888 568559

Garioch Area Education & Recreation Office
Gordon House
Blackhall Road
Inverurie AB51 3WA
Tel: 01467 620981
Fax: 01467 622254

Marr, Kincardine and Mearns Area Education Office
Queens Road
Stonehaven
AB39 2QQ
Tel: 01569 766960
Fax: 01569 768489

প্রতিষ্ঠানগুলো বর্ণানুক্রমিক (আলফাবেটিকাল) ক্রমবিন্যাস (ওর্ডার) অনুসারে তালিকাভূক্ত করা হয়েছে এবং প্রতিটি এন্ট্রি নীচের তথ্যগুলো ধারণ করে:

১. প্রতিষ্ঠানের ধরণ

N	নার্সারী স্কুল	N/P	নার্সারী/ প্রাইমারী স্কুল
6YRS	ষষ্ঠ বর্ষ পর্যন্ত সেকেন্ডারী স্কুল	SP	স্পেশ্যাল স্কুল
P	প্রাইমারী স্কুল	CC	কমিউনিটি সেন্টার

২. প্রতিষ্ঠানের পুরা নাম ও ডাক যোগাযোগের ঠিকানা

৩. পোষ্ট কোড

I	ইনভারুরী	Ba	বানফ	S	স্টোনহ্যাভেন
T	টারিফ	P	পিটারহেড		

৪. এরিয়া কোড

B	বুচান	G	গারিওচ
BB	বানফ এ্যান্ড বুচান	M	মার
F	ফরমেটিন	KM	কিনকারডিন এ্যান্ড মির্য়ানস

৫. কমিউনিটি স্কুল নেট ওয়ার্ক (সি.এস.এন) যেগুলো ঐ প্রতিষ্ঠানের আওতাভূক্ত

৬. সেকেন্ডারী স্কুলগুলোকে বোল্ড করে তালিকাভূক্ত করা হয়েছে সেই সাথে তাদের সংযুক্ত প্রাইমারী স্কুলকে ব্রাকেটে রাখা হয়েছে। একটি প্রাইমারী স্কুলে ভর্তি হলে সেই স্কুলটি কোন সেকেন্ডারী স্কুলের ফিডার স্কুল তা ব্রাকেটে নির্দেশ করে।

৭. প্রতিষ্ঠান প্রধানের নাম।

৮. প্রতিটি প্রতিষ্ঠানের ঠিকানা, ফোন নম্বর এবং ফ্যাক্স নম্বর (যেখানে আছে) দেয়া হয়েছে। যেমন:

P 18 Auchterless T F Turriff Gail Burnett 01888 511221 01888 511580
School
Auchterless
Turriff
Aberdeenshire
AB53 8BA (205)

অচটারলেস স্কুল হচ্ছে একটি প্রাইমারী স্কুল যেটি টারিফ একাডেমী (২০৫) এর সাথে সংযুক্ত। অফিস কোড, এরিয়া কোড, কমিউনিটি স্কুল নেটওয়ার্ক (সি.এস.এন), প্রতিষ্ঠান প্রধান, টেলিফোন নম্বর এবং ফ্যাক্স নম্বর উপরে যেভাবে দেয়া হয়েছে।

6YRS 209 Westhill Academy I G Westhill Derek Thompson 01224 740111 01224 743163
Hays Way
Westhill
Aberdeenshire
AB32 6XZ
(55, 73, 184, 212)

ওয়েস্টহিল একাডেমী একটি ইয়ার ৬ সেকেন্ডারী স্কুল, যার সাথে সংযুক্ত প্রাইমারী স্কুল হোল ক্রমবাই স্কুল (৫৫), এলরিক স্কুল (৭৩), স্কিনি স্কুল (১৮৪) এবং ওয়েস্টহিল প্রাইমারী স্কুল (২১২)। এখানেও অফিস কোড, এরিয়া কোড, কমিউনিটি স্কুল নেটওয়ার্ক (সি.এস.এন), প্রতিষ্ঠান প্রধান, টেলিফোন নম্বর এবং ফ্যাক্স নম্বর দেখানো হয়েছে।

স্ূচীপত্র

১. একটি স্কুল পছন্দ করা **পৃষ্ঠা ৬**

- কোন্ স্কুল
- একটি স্কুল নির্দিষ্ট সম্পর্কে তথ্য
- ভর্তি হওয়া
- কিভাবে ভর্তি হতে হবে
- স্কুল ও বাড়ীর সাথে যোগাযোগ
- স্কুল বিল্ডিং এ প্রবেশ

২. অনুরোধ উপস্থাপন করা **পৃষ্ঠা ৭**

- আপনার স্কুল জোনের বাইরের কোন স্কুলে উপস্থিত হওয়া
- আবেদন করা
- আবেদনের উপর সিদ্ধান্ত নেয়া
- আবেদন গৃহীত হওয়া
- আবেদন গৃহীত না হওয়া
- আপীল করার অধিকার
- কিভাবে আপীল করতে হবে
- আসন সংখ্যার চেয়ে আবেদন বেশী জমা পরে এমন স্কুল
- আপনার লোকাল স্কুল জোনের বাইরের একটি স্কুলে যেতে স্কুল পরিবহন

৩. স্কুল পরিবহন **পৃষ্ঠা ১১**

- ফ্রি স্কুল পরিবহন
- মৌসুমী টিকিট

৪. শিক্ষাথীদের জন্য সাপোর্ট **পৃষ্ঠা ১২**

- স্বতন্ত্র শিক্ষাদান
- মানসিক সার্ভিসেস
- বিশেষ শিক্ষামূলক চাহিদা (স্পেশ্যাল এডুকেশন নিডস)
- অতিরিক্ত বিষয় হিসেবে ইংরেজী
- সংবেদনহীনতার জন্য সার্ভিস

৫. আচার ব্যবহার **পৃষ্ঠা ১৩**

- বহিস্কার
- বহিস্কারের বিকল্প
- বুলিয়িং

৬. জানুয়ারী ২০০৫ হতে জানুয়ারী ২০০৬ সালের বিভিন্ন টার্ম তারিখ **পৃষ্ঠা ১৪**

৭. প্রি স্কুল এডুকেশন **পৃষ্ঠা ১৫**

৮. স্কুলের খাবার **পৃষ্ঠা ১৫**

- স্কুলের খাবার সরবরাহ করা

♦ ‘সাফল্যের জন্য ক্ষুধা”

♦ বিনা মূল্যে স্কুলের খাবার

৯. স্বাস্থ্য **পৃষ্ঠা ১৫**

♦ অনুপস্থিতি

♦ শিশুর ঔষধপত্র

১০. স্কটল্যান্ডের পরীক্ষ নিরীক্ষার ফলাফল প্রকাশ **পৃষ্ঠা ১৭**

১১. আবহাওয়া **পৃষ্ঠা ১৭**

১২. আর্থিক বিষয় **পৃষ্ঠা ১৭**

♦ পোষাকের জন্য অনুদান

♦ ইনসুরেন্স

♦ আবাসিক স্কুল

♦ ই.এম.এ

১৩. এ্যালকোহল ও মাদকদ্রব্য **পৃষ্ঠা ১৯**

১৪. স্কুল বোর্ড **পৃষ্ঠা ১৯**

১৫. ছাত্র/ছাত্রীদের ফটোগ্রাফি ও ভিডিও রেকর্ডিং **পৃষ্ঠা ১৯**

১. একটি স্কুল পছন্দ করা

♦ কোন্ স্কুল?

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিসের আওতাধীন প্রতিটি স্কুলের জন্য একটি জোনিং পলিসি বা আঞ্চলিক নীতি রয়েছে। সকল বিদ্যালয় একটি স্থানীয় অঞ্চলের জন্য কাজ করে যা নির্ধারণ করে এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন কমিটি। আইনানুযায়ী এই অঞ্চলগুলো "ডেলিনেটেড এরিয়া" বা নকশাকৃত এলাকা নামে পরিচিত। নির্দিষ্ট স্কুল জোনের তথ্য প্রতিটি স্কুলে পাওয়া যাবে বা এডুকেশন অফিস থেকে পাওয়া যাবে। পিতামাতা তার সন্তানকে স্থানীয় অঞ্চলের বাইরে অন্য কোন স্কুলে ভর্তির দাবী করার অধিকার রাখেন এবং এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিসের দায়িত্ব হচ্ছে যে ক্ষেত্রে সম্ভব হবে ঐ দাবি মেনে নেয়া।

জোনের ব্যবস্থা রাখা হয়েছে মূলতঃ এটা নিশ্চিত করার জন্য যে প্রয়োজনে শিক্ষার্থীরা যাতে অগ্রাধিকারের ভিত্তিতে ভর্তি ও পরিবহনের সুযোগ যাতে পেতে পারে।

♦ একটি নির্দিষ্ট স্কুল সম্পর্কে তথ্য

প্রতিটি স্কুল তাদের স্কুলের বিবরণ সম্বলিত তথ্য প্রকাশ করে থাকে এবং প্রতি বছর নবায়ন করা হয়ে থাকে। এই তথ্য বিবরণী অনুরোধ করলে প্রধান শিক্ষক/শিক্ষিকা'র নিকট থেকে পাওয়া যাবে। আপনার সন্তানসহ আপনি যাতে স্কুলটি দেখে আসেন সে ব্যাপারেও আপনাকে উৎসাহিত করা হয়ে থাকে।

(নার্সারী বাদে) সকল স্কুলের নিজস্ব নিয়মকানুন থাকা প্রয়োজন যা নিম্নলিখিত তথ্যাবলীসহ তাদের বিবরণীতে উল্লেখ করা থাকবে যেগুলো প্রতি বছর ১৫ই ডিসেম্বর নাগাত পাওয়া যাবে।

১ পরীক্ষা ও ফলাফলের সনদ (এস৫ এ অবস্থানের হারসহ) - শুধুমাত্র সেকেন্ডারী স্কুলের জন্য;

২ ৫ - ১৪ লেভেলের অর্জন;

৩ স্কুল ত্যাগকারীদের গন্তব্য - শুধুমাত্র সেকেন্ডারী স্কুলের বেলায় প্রযোজ্য;

৪ পরিচালনা খরচের বাজেট;

৫ উপস্থিতির হার ও অনুমতি নিয়ে অনুপস্থিতি এবং অনুমতি না নিয়ে অনুপস্থিতি এর হার;

৬ স্পেশ্যাল এডুকেশন নিড এর ক্ষেত্রে নীতিমালা;

৭ আধ্যাত্মিক, নৈতিক, সামাজিক ও সাংস্কৃতিক মূল্যবোধের উন্নতির উপর নীতিমালা;

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন এর নীতি হচ্ছে উন্নতমানের, নির্ভরযোগ্য, আধুনিক শিক্ষা, যা প্রতিটি শিশুর একক চাহিদা যতটা সম্ভব পূরণের লক্ষ্যে কাজ করবে এমন শিক্ষা প্রদান করা এবং শিক্ষা ক্ষেতে জাতীয় এজেন্সি কর্তৃক প্রদত্ত নির্দেশনার অধীনে তৈরী বিভিন্ন পদ্ধতির সাথে সমন্বয় সাধন করা। সেই সাথে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন শিক্ষাভিত্তিক গবেষণার মুল্যায়ণ এবং এবারডীনশ্যায়ার নির্দিষ্ট চাহিদার উপর ভিত্তি করে তার নিজসব প্রকল্প তৈরী করেছে। হেড টিচারদের নীতিগত দায়িত্ব হচ্ছে পিতামাতাদের এই আধুনিক অগ্রগতি সম্পর্কে অবহিত রাখা বিশেষ করে সেই সকল বিষয়গুলোর ক্ষেত্রে যে বিষগুলো পিতামাতাদের অনেকেই নিজেরা যখন স্কুলে পড়েছেন তখনকার সময় থেকে অনেক পরিবর্তিত হয়েছে। এই বিবরণ এ কাজ সংক্ষেপে করতে পারবে তবে পিতামাতাদের সাথে যোগাযোগ করার জন্য যতটা সম্ভব অনানুষ্ঠানিক পদ্ধতি খুঁজে বের করতে হেড টিচারদেরকে উৎসাহিত করা হয়েছে।

♦ ভর্তি হওয়া

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিসের যে কোন একটি নির্দিষ্ট বছরের আগস্ট মাসের মাঝামাঝি একই তারিখে প্রতিটি স্কুলের শিক্ষা বর্ষ শুরু হবার একটি নিজস্ব নীতি রয়েছে। আপনার শিশুকে স্কুলে ভর্তি করানোর সময় আপনাকে এই বৎসরের শিক্ষা বর্ষ শুরু হবার তারিখ জানিয়ে দেওয়া হবে।

যে সব শিশুর বয়স ফেব্রুয়ারী মাসের শেষ দিন পর্যন্ত পাঁচ বছর হবে তাদেরকে পর্যায়ক্রমে তার আগের বছরের আগস্ট মাস পর্যন্ত ভর্তি করা হয়। যে সব শিশুর বয়স ২০০৫ সালের ১৬ই আগস্ট মঙ্গলবার এর পূর্বে পাঁচ বছর হবে তাদের ২০০৫ সালের আগস্ট মাসে প্রাইমারী স্কুলে ভর্তি হওয়া উচিত। ২০০৫ সালের আগস্ট মাসে ১৬ তারিখের পর কিন্তু ২০০৬ সালের ফেব্রুয়ারী মাসের ২৮ তারিখের পূর্বে যে সব শিশুর বয়স পাঁচ বছর হবে তারাও ২০০৫ সালের আগস্ট মাসে প্রাইমারী স্কুলে ভর্তি হতে পারবে। তবে এই সব শিশুর পিতামাতা তাদের শিশুদের ২০০৬ সালের আগস্ট পর্যন্ত স্কুলে ভর্তি না করার সিদ্ধান্তও নিতে পারেন। কোন একটি শিশু যদি আগেই একটি সরকারী সহায়তায় চালু বা ফোর্স স্কুলে ইনফ্যান্ট ক্লাশে ভর্তি হয়ে থাকে এবং পূর্ণ সময় সেখানে উপস্থিত (ইনডাকশন বাদে) থাকে এবং এবারডীনশ্যায়ারে বদলী হয়ে আসে তবে সেই শিশুটি ছাড়া এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস ফেব্রুয়ারীর শেষ দিনের পরে যদি কোন শিশুর বয়স পাঁচ বছর হয় তবে তাদের স্কুলে ভর্তি করার কোন নিয়ম রাখে নি। এই সকল ক্ষেত্রে সিনিয়র এডুকেশন এবং রিক্রিয়েশন অফিসার নিজস্ব বিচার - বিবেচনা ব্যবহার করতে পারেন। এই ব্যতিক্রমকে নার্সারী বা প্লে গ্রুপে ভর্তি হওয়ার উদ্দেশ্য বলে বিবেচনা করা হয় না।

♦ কিভাবে ভর্তি হতে হবে

সাধারণভাবে, যদি কোন পিতামাতা তার সন্তানকে কোন একটি নির্দিষ্ট স্কুলে ভর্তি করাতে চান তবে তাকে সেই স্কুলের হেড টিচারের বরাবরে একটি আবেদন করতে হবে।

♦ স্কুল ও বাড়ীর সাথে যোগাযোগ ব্যবস্থা

স্কুল পিতামাতাদের জন্য নানা ধরণের লিখিত তথ্য সরবরাহ করে থাকে:
চিঠি, প্রতিবেদন, ফরম, নিউজলেটার, কার্যবিবরণী... আপনার যদি ভিন্ন ফরমেটে এই সব তথ্য দরকার হয় তবে আপনার সন্তান যখন স্কুলে ভর্তি হবে তখন আপনি এর জন্য অনুরোধ করতে পারবেন। আপনার প্রতি বছর এই সব তথ্য নবায়নকৃত অবস্থায় পাওয়ার সুযোগ থাকবে।

আপনি যখন স্কুলটি দেখতে যাবেন তখন স্কুলের কাছে একজন দোভাষীর ব্যবস্থা করার জন্য অনুরোধ করতে পারেন বা সংক্ষিপ্ত মিটিং এর জন্য ল্যাঙ্গুয়েজ লাইন (টেলিফোন ইনটারপ্রিটিং সার্ভিস) এর অনুরোধ করতে পারেন। দয়া করে স্কুলকে যতটা সম্ভব আগেই জানাবেন যাতে তারা উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করতে পারে।

♦ স্কুল বিল্ডিং এ প্রবেশ

এবারডীনশ্যায়ার কাউন্সিল তার স্কুলগুলোতে প্রবেশ ব্যবস্থা উন্নত করণের প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। তবে কিছু কিছু বিল্ডিং আছে যেগুলোতে হুইলচেয়ার ব্যবহারকারী বা যারা কম চলাচল করতে পারেন তাদের জন্য অপ্রবেশযোগ্য রয়ে গেছে। এই সকল ক্ষেত্রে ভিতরে প্রবেশের জন্য স্টাফ কর্তৃক বিকল্প ব্যবস্থা গৃহীত হতে পারে।

যোগাযোগ এর জন্য আপনি যখন আপনার সন্তানকে স্কুলে ভর্তি করবেন এবং যখন প্রতি বছর আপনার তথ্য নবায়ন করবেন তখন যে কোন ধরণের প্রবেশ এর প্রয়োজনীতা লিপিবদ্ধ করে দেয়ার সুযোগ পাবেন। তবে আপনার চাহিদা যাতে পূরণ হয় সেটা নিশ্চিত করার জন্য দয়া করে আপনি স্কুল দেখতে যাবার আগেই স্কুলকে আপনার চাহিদার কথা জানিয়ে দিবেন।

২. অনুরোধ জানানো

♦ আপনার স্কুল জোনের বাইরের কোন স্কুলে উপস্থিত হওয়া

বাধ্যতামূলকভাবে কারণ দর্শানো ছাড়াই প্রত্যেক পিতামাতার অধিকার রয়েছে তার পছন্দনীয় স্কুলটিতে তার সন্তানকে ভর্তির জন্য এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিসের বরাবরে আবেদন করার। এই অধিকার শুধুমাত্র ইনফ্যান্ট স্কুলে ভর্তি বা এক স্কুল থেকে অন্য স্কুলে বদলীর জন্যই নয় বরং যে কোন সময় প্রয়োগ করা যাবে।

পিতামাতা যে স্কুলে তাদের সন্তানকে পড়াতে আগ্রহী সেই স্কুলের হেড টিচারের কাছে এই ধরণের অনুরোধ উত্থাপন করার সাথে সাথে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস তাদের সাথে সবচেয়ে সহজ উপায়ে ডিল করার কথা বিবেচনা করে থাকে।জোনভক্ত স্কুল ছাড়া অন্য সকল স্কুলে ভর্তির জন্য স্কুলে পাওয়া যায় এমন আবেদনপত্রে আবেদন করা উচিত। অধিকাংশ ক্ষেত্রে শিশুটি ভর্তি হতে পারবে হেড টিচার দ্রুত এই সিদ্ধান্ত নিতে পারবেন। অল্প কিছু ঘটনার বেলায় হেড টিচার দ্রুত কোন সিদ্ধান্ত দিতে সক্ষম হবেন না এবং পূরণকৃত ফরম তিনি নির্ধারিত সিনিয়র এডুকেশন এবং রিক্রিয়েশন অফিসার কাছে পাঠাবেন যিনি প্রতিটি কেস নিয়ে আলাদা আলাদাভাবে কাজ করবেন এবং সরাসরি পিতামাতাদের সাথে চিঠি আদান প্রদান করবেন।

♦ আবেদন করা

যে কোন এক শিক্ষা বর্ষের আগস্ট মাসে স্কুলে ভর্তি হবার জন্য যে সব আবেদনপত্র সেই বছরের মার্চ মাসের ১৫ তারিখের মধ্যে পাওয়া যাবে সেগুলোকে সর্ব প্রথম বিবেচনা করা হবে। আগস্ট মাসে স্কুলে ভর্তি হবার জন্য যে সব আবেদনপত্র ১৬ই মার্চের পরে পাওয়া যাবে সেগুলোকে ১৫ মার্চের আগে পাওয়া আবেদনপত্রের ব্যাপারে সিদ্ধান্ত হয়ে যওয়া ও জানিয়ে দেয়ার পরে বিবেচনা করা হবে ও সে বিষয়ে সিদ্ধান্ত নেয়া হবে।

♦ আবেদনের উপর সিদ্ধান্ত নেয়া

ভর্তির আবেদনের সিদ্ধান্ত লিখিতভাবে পিতামাতাকে জানাতে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন আইনগতভাবে বাধ্য এবং যেক্ষেত্রে আবেদন প্রত্যাখান করা হবে সেক্ষেত্রে অবশ্যই লিখিতভাবে সে সিদ্ধান্তের কারণ উল্লেখ করতে হবে এবং পিতামাতাকে জানিয়ে দিতে হবে যে তাদের এ ব্যাপারে আপীল কমিটির বরাবরে আপীল করার অধিকার রয়েছে।

♦ আবেদন গৃহীত হওয়া

কোন এক শিক্ষাবর্ষের আগস্ট মাসে ভর্তির জন্য যে সব আবেদনপত্র গৃহীত হয় তাদেরকে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস এর সেই শিক্ষাবর্ষের ৩০শে এপ্রিল নাগাত অবশ্যই উত্তর পাঠাতে হবে।

যে সব ক্ষেত্রে আগস্ট মাস না হয়ে অন্য কোন তারিখে ভর্তির আবেদন করা হয় ও যেখানে সিনিয়র এডুকেশন অফিসার জড়িত থাকেন, সে সব ক্ষেত্রে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন'কে আবেদনের তারিখ থেকে দুই মাসের মধ্যে অবশ্যই উত্তর দিতে হবে।

প্রতি ক্ষেত্রেই, পিতামাতা যদি উপরে উল্লেখিত সময়সীমার মধ্যে কোন উত্তর না পান তবে তাকে ধরে নিতে হবে যে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন তার আবেদন প্রত্যাখ্যান করেছে।

♦ আবেদন গৃহীত না হওয়া

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন একটি ভর্তির আবেদন প্রত্যাখ্যান করতে পারে যদি শিশুটিকে আবেদনকৃত স্কুলে ভর্তি করলে:

১. বর্তমানে অথবা ভবিষতে একজন অতিরিক্ত শিক্ষক নিয়োগ করা এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিসে এর জন্য জরুরী হয়ে পড়ে;

২. স্কুলের আবাসনের ক্ষেত্রে কোন বড় ধরণের পরিবর্তন বা কোন বৃদ্ধি করার কারণে বা এর সাথে সম্পর্কিত কোন সুবিধা প্রদান করতে গিয়ে খরচ পরিমাণ উল্লেখযোগ্য হারে বেড়ে যাওয়ার সম্ভাবনা থাকে;

৩. এতে যদি মনে হয় স্কুলের সর্বোচ্চ ধারণ ক্ষমতা লঙ্গিত হবার সম্ভাবনা থাকে;

৪. শিশুটির শিক্ষা চালিয়ে যাওয়া তার জন্য ক্ষতিকর হলে;

৫. স্কুলের শান্তি শৃঙ্খলা বিঘ্নিত হবার সম্ভাবনা থাকলে;

৬. স্কুলে অধ্যায়নরত অন্যান্য ছাত্র/ছাত্রীদের শিক্ষা জীবন ঝুকিপূর্ণ হলে;

এছাড়াও এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন একটি ভর্তি আবেদন প্রত্যাখ্যান করতে পারে যদি:

- নির্দিষ্ট স্কুলে যে ধরণের শিক্ষা প্রদান করা হয় তা যদি শিশুটির বয়স, সামর্থ বা দৃষ্টিভঙ্গির সাথে না মিলে;
- এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস এর এমন শিশু দরকার যে ইতিমধ্যেই নির্দিষ্ট স্কুলটিতে উপস্থিত হওয়া ছেড়ে দিয়েছে;
- নির্দিষ্ট স্কুলটি একটি বিশেষ স্কুল এবং শিশুটির বিশেষ শিক্ষা চাহিদা সংক্রান্ত এমন কোন চাহিদা যা স্কুলটিতে সাধারণভাবে প্রদান করা হয়ে থাকে তার দরকার না থাকে;
- শিশুটি যদি জোনের বইরের স্কুল এরিয়ায় বাস করে এবং অন্য কোন শিশু যদি স্কুল জোন এলাকায় সেই সময় বসবাসের জন্য আসে তবে শিক্ষা কর্তৃপক্ষ তার জন্য আসন সংরক্ষিত রাখা থেকে বিরত থেকে ভর্তি প্রতিহত করতে পারে; এই সব চাহিদা পূরণের লক্ষ্যে কর্তৃপক্ষ শুধুমাত্র পরিমিত সংখ্যক আসন সংরক্ষন করার অধিকার ভোগ করে;

♦ আপীল করার অধিকার

আসনের আবেদন সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে পিতামাতার আপীল করার অধিকার রয়েছে। আসনের আবেদন প্রত্যাখ্যান করার চিঠি পাওয়ার ২৮ দিনের মধ্যে অবশ্যই আপনাকে আপীল কমিটির বরাবরে আপীল করতে হবে।

এটা মনে রাখা উচিত যে:

- আপনি একটি নার্সারী স্কুল বা নার্সারী ক্লাশে আসনের আবেদন প্রত্যাখ্যান এর বিরুদ্ধে আপীল করতে পারবেন না;
- আপনার প্রতিটি শিশুর জন্য আপনি প্রতি বছর এক বার মাত্র আপীল করতে পারবেন;
- এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন এর প্রত্যাখ্যানের চিঠি পাওয়ার ২৮ দিনের মধ্যে আপনাকে অবশ্যই আপীল করতে হবে এর পরে নয়;

♦ **কিভাবে আপীল করতে হবে**

আপনাকে আপনার সন্তানের পূর্ণ নাম, যে স্কুলে তারা পড়তে চায় সেই স্কুলের নাম এবং আপনি কেন আসন প্রত্যাখ্যান এর সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল করতে চান তার কারণ উল্লেখ করে Director of Law and Administration, Woodhill House, Westburn Road, Aberdeen AB16 5GB ঠিকানা বরাবরে একটি চিটি পাঠাতে হবে।

♦ **আসন সংখ্যার চেয়ে আবেদন বেশী জমা পড়ে এমন স্কুল**

কোন নির্দিষ্ট স্কুল কর্তৃক প্রাপ্তি স্বীকার করা এবং জমা নেয়া সব আসনের আবেদন যেগুলো সে শিক্ষাবর্ষে ভর্তির জন্য ৫ই মার্চের পরে কিন্তু ৩০শে এপ্রিলের পূর্ব পর্যন্ত বিবেচনা করে নি সেগুলো যদি আসন সংখ্যার চেয়ে বেশী হবার প্রত্যাশা করা হয় তবে এমন পরিস্থিতিতে সেই স্কুলটিকে ওভার সাবস্ক্রাইবড স্কুল বলে ধরে নেয়া হবে।

সে সব ক্ষেত্রে স্কুলের ধরণক্ষমতা অতিক্রমের সম্ভাবনা থাকে, সেক্ষেত্রে স্কুলের যে সংখ্যক আসন রয়েছে তা পূরণের জন্য নিম্নলিখিত অগ্রাধিকারগুলো বিবেচনায় এনে আসনের আবেদন বিবেচনা করা হবে।

১. বাসস্থান

কাউন্সিল এলাকার বাইরে যারা বাস করে তাদের চেয়ে এবারডীনশ্যায়ারের মধ্যে যারা বসবাস করে তাদেরকে বেশী অগ্রাধিকার প্রদান করা হবে। জোনের বাইরের আবেদনকারীদের অধিকাংশই এবারডীনশ্যায়ারের বাসিন্দা সুতরাং এই শ্রেনীর অধীনে যোগ্যতা অর্জন করতে চাইলে সর্বশেষ সিদ্ধান্তের উপর তা মূলতঃ কোন প্রভাব বিস্তার করবে না।

২. চাহিদা রয়েছে এমন শিশু

দ্য চিলড্রেন (স্কটল্যান্ড) এ্যাক্ট ১৯৯৫ অনুযায়ী যে সব শিশুর চাহিদা রয়েছে বলে বিবেচনা করা হয় এবং যে সব ক্ষেত্রে শিশুটি বাস করে সেখানকার স্কুলের তুলনায় যে স্কুলের জন্য অনুরোধ করা হয়েছে সে স্কুলকে যদি তার চাহিদা পূরণের জন্য উন্নত মানের বলে বিবেচনা করার যুক্তিসংগত কারণ থাকে তবে কর্তৃপক্ষ সে সব শিশুকে অগ্রাধিকার দিতে পারেন। চিলড্রেন ইন নিড একটি ব্যাপক বিষয় এবং শিশুদের এই নিডগুলো (চাহিদা) সাধারণত দেখা দেয় চিকিৎসাগত, মানসিক ও সামাজিক কারণে তবে এর শ্রেনীকরণের ক্ষেত্রে কোন সীমারেখা নেই। শিশুদেরকে তাদের পরিবারের অন্য কোন সদস্যের প্রতিবন্ধকতার কারণে হয়তো চাহিদা সম্পন্ন শিশু বলে বিবেচনা করা হতে পারে।

কোন একটি শিশুকে যখন এই ভিত্তিতে এবারডীনশ্যায়ার কাউন্সিল অগ্রাধিকার দেয়ার অনুরোধ করে তখন চাহিদার প্রকৃতি অনুযায়ী এডুকেশন সাইকোলজিস্ট, মেডিক্যেল প্রাকটিশনার, সোশ্যাল পয়ার্কার বা অন্য কোন এজেন্সী পরামর্শ নিতে অনুরোধ করে থাকে। কাউন্সিল এই ধরণের সকল কেস তাদের নিজস্ব যোগ্যতার (মেধার) ভিত্তিতে বিবেচনা করবে।

৩. শিক্ষাগত

বিশেষ স্কুলটি সেখানে ছাত্র/ ছাত্রীরা যে বিষয়গুলো পড়তে আগ্রহী সে বিষয়গুলোর ব্যবস্থা রাখে না।

৪. স্থানীয় অবস্থাসমূহ

যেখান রাস্তাঘাটের অবস্থা, আবহাওয়ার অবস্থা বা অন্যান্য স্থানীয় অবস্থা শিশুর জন্য বিরাট সমস্যা।

৫. সহোদর যদি সেই স্কুলে আগে থেকেই পড়াশুনা করতে থাকে

পরিবারের অন্য একজন সদস্য যদি সেই নির্দিষ্ট স্কুলে আগে থেকেই পড়াশুনা করতে থাকে।

৬. সামাজিক

পিতামাতা দুজনেই যে ক্ষেত্রে কাজ করেন এবং তাদের সন্তানকে স্কুলের থাকাকালীন একজন দায়িত্বশীল বয়স্ক লোক যত্ন নিবেন এই আশায় তারা যেখানে বসবাস করেন তার বাইরের কোন স্কুলে তাদের সন্তানকে রেখে যান।

৭. অন্যান্য কারণ

সিনিয়র এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন অফিসারের বিবেচনায় এ ধরণের অন্য কোন কারণও প্রযোজ্য বলে মনে হতে পারে।

♦ **আপনার লোকাল স্কুল জোনের বাইরের একটি স্কুলে যেতে স্কুল পরিবহন**

একটি শিশুকে যখন তার স্থানীয় স্কুল জোনের বাইরের স্কুলে ভর্তি করানো হয় তখন তার পরিবহন ব্যবস্থা ও এর সাথে সম্পর্কিত সকল খরচ বহনের জন্য সম্পূর্ণভাবে তার পিতামাতা দায়িত্বশীল থাকবেন তবে স্বল্প সংখ্যক কেস এর ক্ষেত্রে যেখানে সিনিয়র এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন অফিসারের অনুদান হিসেবে যাতায়াত খরচ প্রদানের স্বাধীনতা রয়েছে সেখানে কিছু ব্যতিক্রম আছে। শিশুটিকে তার জোনভূক্ত স্কুলে ভর্তি না করার শিক্ষাগত বা চিকিৎসাগত/মানসিক ইত্যাদি যে সব কারণ পিতামাতা উল্লেখ করেছন আসনের আবেদনের জন্য তা যদি এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন অফিসার যুক্তিসংগত বলে বিশ্বাস করেন শুধুমাত্র তখনই যাতায়াত খরচ দেয়া হতে পারে। সিনিয়র এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন অফিসার যখন স্বেচ্ছাধীন পরিবহনের অনুরোধ বিবেচনা করবেন তখন অবশ্যই তাকে পিতামাতা কর্তৃক উল্লেখিত নিরাপত্তার বিষয়টি খতিয়ে দেখতে হবে। এই সব কেসে বিনা মূল্যে পরিবহন সুবিধা প্রদান করা হবে শুধুমাত্র যে ক্ষেত্রে বিদ্যমান যাতায়াত ব্যবস্থার মধ্যে এর সরবরাহ রয়েছে।

যে সব ক্ষেত্রে একটি শিশুর জোনের বাইরের একটি স্কুলে উপস্থিতির কারণ একজন ভাই বা বোনের সেই স্কুলে আগে থেকেই উপস্থিতি সে ক্ষেত্রে সিনিয়র এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন অফিসার পরিবহন খরচের একটি অংশ বহন করতে হয়তো রাজী হতে পারেন। এই ব্যবস্থা তখনই করা হবে যখন মূল শিশুটির পরিবহন খরচ এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন বহন করবে।

৩. স্কুল পরিবহন

♦ **ফ্রি স্কুল পরিবহন**

বর্তমান আইনের শর্তাবলী ও এবারডীনশ্যায়ার কাউন্সিল নীতিমালার অধীনে বিনামূল্যে বাড়ী থেকে স্কুল পর্যন্ত পরিবহন সুবিধা প্রদান করা হয়ে থাকে। সম্প্রতি এই নীতি অনুযায়ী প্রাইমারী স্কুলের সকল ছাত্র/ছাত্রী যারা স্কুল থেকে দুই মাইলের বেশী দুরে বাস করে ও তাদের জোনভুক্ত স্কুলে যায় এবং সেকেন্ডারী স্কুলের সকল ছাত্র/ছাত্রী যারা স্কুল থেকে তিন মাইলের বেশী দুরে বাস করে ও তাদের জোনভুক্ত স্কুলে যায় তারা এই পরিবহন সুবিধা পাওয়ার অধিকারী।

আগেই বলা হয়েছে, যদি কোন শিশু তাদের জোনভুক্ত স্কুলের বাইরের কোন স্কুলে ভর্তি হয় তবে সেক্ষেত্রে সাধারণত বাড়ী থেকে স্কুল পর্যন্ত বিনা মূল্যে কোন পরিবহন সুবিধা নেই।

♦ **মৌসুমী টিকিট**

বিনামূল্যে পরিবহন সুবিধা বিভিন্নভাবে দেয়া হতে পারে, হয় সেটা বাস বা ট্রেনে মৌসুমী টিকিট সরবরাহ করার মাধ্যমে বা পাবলিক ট্রান্সপোর্ট ইউনিট এর পক্ষে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন কর্তৃক সরাসরি কন্ট্রাক্ট ট্রান্সপোর্ট সরবরাহ করার মাধ্যমে হতে পারে। কিছু ব্যতিক্রমধর্মী পরিস্থিতি ছাড়া সরাসরি পিতামাতাকে তাদের সন্তানদের পরিবহন খরচ বাবদ আর্থিক পেমেন্ট দিয়ে দেয়া হয় তবে যে সব এলাকায় অন্যান্য আরো সহজ পরিবহন পদ্ধতি সরবরাহ করা অসম্ভব সে সব ক্ষেত্রেই সীমিতভাবে এই পদ্ধতি ব্যবহার করা হয়।

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন ‘ডোর টু ডোর’ পরিবহন সুবিধা প্রদানের নিশ্চয়তা দান করে না। বর্তমানে বিশেষ কিছু অবস্থায় প্রযোজ্য ক্ষেত্রে শিশুদের দুই বা তিন মাইল পর্যন্ত হাঁটতে হতে পারে।

নির্দিষ্ট কিছু সমস্যা যেমন যাদের মেডিকেল সমস্যা রয়েছে বা নিরাপত্তাজনিত সমস্যা দেখা দিয়েছে সে সব অবস্থায় পিতামাতার উচিত নির্ধারিত সিনিয়র এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন অফিসার বরাবরে আবেদন করা।

যদি মৌসুমী টিকিট হারিয়ে যায়, এবারডীশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস সেটা নবায়ন করে দিতে প্রশাসনিক খরচ বাবদ ২ পাউন্ড নিয়ে থাকে।

৪. শিক্ষার্থীদের জন্য সহায়তা

♦ স্বতন্ত্র শিক্ষাদান

দীর্ঘকালীন অসুস্থ্যতার জন্য যখন একটি শিশু স্কুলে যেতে পারে না তখন কর্তৃপক্ষ তার জন্য স্বতন্ত্র শিক্ষাদানের ব্যবস্থা করতে পারে। প্রাথমিকভাবে শিশুটি যে স্কুলে যেত পিতামাতার উচিত সেই স্কুলের হেড টিচার বরাবরে আবেদন করা।

♦ মানসিক সার্ভিসেস

জন্ম থেকে ১৯ বছর বয়সী শিশু ও ইয়ং পিপলদের জন্য (কম বয়সী বালক/বালিকা) সার্ভিস প্রদান করতে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন এডুকেশনাল সাইকোলোজিস্ট নিয়োগ করে থাকে। তারা শিশু ও ইয়ং পিপলদের শিক্ষা, আচরণ এবং আবেগিকভাবে ভালো থাকা সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে স্কুল স্টাফ, অন্যান্য এজেন্সী থেকে আসা পেশাজীবী ও পিতামাতার সাথে যৌথভাবে কাজ করেন। এডুকেশনাল সাইকোলোজিস্টগণ স্কুলগুলোতে একজন পরামর্শদাতার ভূমিকা পালন করেন। যে সব শিশু ও ইয়ং পিপল বিভিন্ন সমস্যায় ভুগছে তাদের নানা উপায়ে সাহায্য করার লক্ষ্যে তারা বয়স্ক ব্যক্তি যেমন টিচার ও পিতামাতাগণকে সহায়তা করার কাজ করেন। বিশেষ কিছু ক্ষেত্রে এডুকেশনাল সাইকোলোজিস্ট কোন একটি শিশু বা ইয়ং পারসন এর সাথে দেখা করতে চাইতে পারেন তবে সে ক্ষেত্রে আগেই পিতামাতার কাছ থেকে অনুমতি নিয়ে নেয়া হবে। স্কুলে সাইকোলোজিস্ট এর কাজের অগ্রাধিকার হেড টিচার বা ম্যানেজমেন্ট টীমের অন্য কোন সদস্যের সাথে আলাপ অলোচনা করে ঠিক করে নেয়া হয়। যে সব পিতামাতা তাদের সন্তানদের নিয়ে উদ্বিগ্ন তাদের উচিত প্রাথমিকভাবে সেগুলো নিয়ে শিশুটির ক্লাশ টিচার (গণ) বা হেড টিচার এর সাথে আলোচনা করা।

♦ বিশেষ শিক্ষামূলক চাহিদা (স্পেশ্যাল এডুকেশন নিডস)

এবারডীশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন বিশেষ শিক্ষামূলক চাহিদা রয়েছে এমন শিশুদের জন্য বিভিন্ন ধরণের সার্ভিস প্রদান করে থাকে। প্রতিবন্ধকতা, দেরী করে অগ্রগতি হওয়া শিক্ষা সংক্রান্ত সমস্যা যে কোন কারণেই হোক বিশেষ শিক্ষামূলক চাহিদা রয়েছে এমন কোন শিশুকে যত তাড়াতাড়ি সম্ভব চিহ্নিত করার যায় যা নিশ্চিত করার জন্য এই সার্ভিস এর পরিকল্পনা করা হয়েছে যা শিশুটির বিশেষ শিক্ষামূলক চাহিদার ধরণ ও পরিমাণ নির্ধারণের লক্ষ্যে পুরাপুরি মূল্যায়ণ করে; এবং সেই উপযোগী ব্যবস্থা গ্রহণ বা সহায়তা প্রদান করে।

বিশেষ শিক্ষামূলক চাহিদা সংক্রান্ত সকল সার্ভিস সাধারণ কিছু নীতিমালা অনুসরণ করে পরিচালিত হয়:

- পিতামাতা ও যত্নকারীগণের পূর্ণ অংশ গ্রহণ
- সুযোগের সমতা
- অন্তর্ভূক্তি
- সম্পদের কার্যকর ব্যবহার

এই নীতিমালার বিশেষ শিক্ষামূলক চাহিদা সার্ভিসেস এর বিতরণ ও পরিকল্পনার কাঠামো নির্ধারণ করে থাকে। এই নীতিমালাগুলো একটি উমুক্ত এবং অংশগ্রহণমূলক প্রকল্প অনুসরণ করে যেখানে পিতামাতা ও যত্নকারীগণ এবং শিশুরা নিজেরা তাদের বিশেষ শিক্ষামূলক চাহিদা পূরণরে সবচেয়ে উত্তম উপায় সম্পর্কে সিদ্ধান্ত নেয়ার ক্ষেত্রে পরিপূর্ণভাবে অংশগ্রহণ করে। এই নীতিমালা এটাও নির্দেশ করে যে, যতটা সম্ভব সম্পদের কার্যকর ব্যবহার যাতে নিশ্চত করা হয় এবং স্থানীয় স্কুলের প্রচলিত ধারার অধীনেই যেন ব্যবস্থা গ্রহণ করা হয় যাতে বিশেষ শিক্ষামূলক চাহিদা রয়েছে এমন শিশুটি পাঠ্যসুচী সংক্রান্ত একই রকম সুবিধা যা সকল শিশুর জন্য উন্মুক্ত তা ভোগ করতে পারে।

♦ অতিরিক্ত বিষয় হিসেবে ইংরেজী

পারিবারিকভাবে আপনি যদি বাড়ীতে মাতৃভাষা হিসাবে ইংরেজী ছাড়া অন্য কোন ভাষা ব্যবহার করেন, তবে ভর্তির মিটিং এ আপনাকে তা আপনার সন্তানের হেড টিচারকে জানাতে হবে। এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস এর একটি স্পেশ্যাল সাপোর্ট টীম আছে যারা স্কুলের সাথে একত্রে কাজ করে এবং যাদের দায়িত্ব হলো আপনার সন্তানের ভাষাগত চাহিদা পূরণ হচ্ছে তা নিশ্চিত করা।

বাইলেঙ্গুয়াল সাপোর্ট টীম আপনার সন্তানের কোন্ পর্যায়ের স্পেশ্যালিস্ট সাপোর্ট দরকার হবে তার একটি প্রাথমিক মূল্যায়ণ পরিচালনা করবে। এই সাপোর্ট হতে পারে স্কুলে পরামর্শমূলক সহায়তা দেয়া এবং সরাসরি ভাষা শিক্ষাদানের উপকরণ সরবরাহ করা ইত্যাদি যা নির্ভর করবে আপনার সন্তানের চাহিদার উপর। বাইলেঙ্গুয়াল সাপোর্ট টীম টিচার আপনার সাথে নিয়মিত যোগাযোগ রাখবেন এবং আপনাকে আপনার সন্তানের অগ্রগতি সম্পর্কে অবহিত রাখবেন এবং আপনার যদি কোন সমস্যা থাকে তা নিয়ে আলোচনা করবেন।

♦ **সংবেদনহীনতার জন্য সার্ভিস** (সেনসরী ইমপেয়ারমেন্ট সার্ভিস)

সেনসরী ইমপেয়ারমেন্ট সার্ভিস একটি ভ্রাম্যমান শিক্ষা সার্ভিস যা হিয়ারিং ইমপেয়ারমেন্ট সার্ভিস (শ্রবণ শক্তিহীনতার জন্য সার্ভিস) এবং ভিজুয়াল ইমপেয়ারমেন্ট সার্ভিস (দৃষ্টিশক্তি হীনতার জন্য সার্ভিস) এই দুই ভাগে বিভক্ত। এই সার্ভিস ওয়েস্টহিল একাডেমী থেকে পরিচালিত হয় এবং এবারডীনশ্যায়ারের সকল নার্সারী স্কুল, প্রাইমারী স্কুল, সেকেন্ডারী স্কুলের শিশু ও ইয়ং পিপল যাদের সংবেদনহীনতা রয়েছে তাদের সাপোর্ট প্রদান করে। টিচারগণ প্রি-স্কুল শিশুদের সাথে তাদের বাড়ীতে কাজ করে।

একজন টিচার প্রাথমিক মূল্যায়ণ করার পর সার্ভিস থেকে একজন টিচার শিশুটির সাথে কাজ আরম্ভ করার পূর্বে পিতামাতার অনুমতির জন্য অনুরোধ করা হবে এবং প্রি-স্কুলের শিশু হলে শিশুটিকে হয় তার বাড়ীতে বা তার স্কুলে তার উপযোগী সহায়তা প্রদান করা হবে। ক্লাশ টিচারদের পরামর্শ দান এবং যদি প্রয়োজনীয় সম্পদ থাকে তবে শিশুটির জন্য সরাসরি টিউশন প্রদানসহ প্রদত্ত সহায়তা হতে পারে বিভিন্ন মাত্রার তবে তা নির্ভর করবে শিশুর চাহিদার উপর। টিচারগণ শিশুদেরকে শ্রবণশক্তি ও দৃষ্টিশক্তিহীনতা নিয়েই তাদের পূর্ণ সম্ভাবনা বিকাশে উৎসাহিত করার জন্য স্কুল স্টাফ, অন্যান্য এজেন্সী থেকে আসা পেশাজীবী এবং পিতামাতাদের সাথে যৌথভাবে কাজ করেন।

৫. আচার ব্যবহার

♦ বহিস্কার

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস সকল শিশু ও ইয়ং পিপলদের একটি উন্নতমানের শিক্ষামূলক অভিজ্ঞতা প্রদান করতে প্রতিশ্রুতিবদ্ধ। স্কুল হচ্ছে এমন স্থান যেখানে ছাত্র/ছাত্রী ও স্টাফদের মূল্যায়ণ করা হয় এবং তাদের সাথে সম্মনজনক আচরণ করা হয় এবং যেখানে প্রত্যেকের শিক্ষামূলক চাহিদা পূরণ করা হয় এবং যেখানে ইতিবাচক আচরণের প্রত্যাশা করা হয়।

নানা কারণে কিছু সংখ্যক ছাত্র/ছাত্রীর কাছে স্কুল জীবনের সাথে মানিয়ে নেয়া অন্যদের তুলনায় কষ্টকর মনে হয় এবং এর ফলে তাদের আচরণগত সমস্যা দেখা দেয়।

আওয়ার পলিসি অন স্কুল ডিসিপ্লিন এ্যান্ড ইউজ এ্যাক্সুশন (স্কুলের নিয়ম শৃঙ্খলার ক্ষেত্রে আমাদের নীতি এবং বহিস্কার এর ব্যবহার করা) এই ব্যাখ্যা দেয় যে,

"অধ্যক্ষ এর কাছে কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ যে বহিস্কার শুধুমাত্র সর্বশেষ উপায় হিসাবে ব্যবহৃত হবে"

বহিস্কার এর কথা বিবেচনা করার পূর্বে যে সব ছাত্র/ছাত্রীর আচরণগত সমস্যা রয়েছে স্কুলের উচিত নানা ভাবে তাদের নিজেদের স্টাফ ও বাইরের সঠিক এজেন্সীগুলোকে সাথে নিয়ে তাদের চাহিদাগুলোর দিকে লক্ষ্য রাখা। পিতামাতা /অভিভাবক/যত্নকারীগণের সাথেও উদ্বেগ এর বিষয়গুলো ও আচরণ উন্নয়নের নানা উপায় নিয়ে আলোচনা করার জন্য যোগাযোগ করতে হবে। তবে বিশেষ কিছু পরিস্থিতিতে যেখানে দেখা যায় যে বড় ধরণের একটি দুর্ঘটনা ঘটেছে যা ঘটা উচিত ছিল না সেখানে কোন আচরণগত সমস্যার ইতিহাস ছিল না। একটি ছাত্রকে বহিস্কার করার কথা চিন্তা করার পূর্বে হেড টিচারকে ছাত্রটির পূর্বের আচরণের ধরণ এবং বর্তমান দুর্ঘটনা যেটার সাথে ছাত্রটি জড়িত তা বিচার বিবেচনা করে দেখতে হবে। ছাত্রটির আচরণের ফলে স্কুলে অধ্যয়নরত অন্য ছাত্র/ছাত্রীদের শিক্ষা ও কল্যাণের উপর তার কি প্রভাব পড়ছে তা হেড টিচারকে বিবেচনা করতে হবে।

♦ বহিস্কারের বিকল্প

উপরে যেভাবে বর্ণনা করা হয়েছে, এবারডীনশ্যায়ার কাউন্সিল অধ্যক্ষ এর কাছে কর্তৃপক্ষ প্রতিশ্রুতিবদ্ধ যে বহিস্কার শুধুমাত্র সর্বশেষ উপায় হিসাবে ব্যবহৃত হবে।

বহিস্কার এর প্রয়োজন কমিয়ে আনার জন্য যে সব ছাত্র/ছাত্রীরা অচরণগত সমস্যায় ভুগছে তাদের সহায়তা করার জন্য সকল সেকেন্ডারী স্কুলে অতিরিক্ত স্টাফ দেয়া হবে। এছাড়াও ইতিবাচক আচরণ গড়ে তুলতে সব স্কুলেই যাতে নিজস্ব নীতি ও পদ্ধতি থাকে সে ব্যাপারে উৎসাহ দেয়া হবে এবং পিতামাতার সাথে একত্রে ও যেখানে দরকার বাইরের এজেন্সীকে সম্পৃক্ত করে আচরণগত সমস্যাগুলোকে শুরুতেই সমাধান করতে হবে।

♦ বুলিয়িং

বুলিয়িং এর উপর স্কুলগুলোর নিজস্ব নীতি ও তার প্রয়োগের লিখিত বিবরণ থাকতে হবে। এই ধরণের বিবরণে যা লেখা থাকবে তার যথার্থতা নিশ্চিত করার দায়িত্ব স্কুলের। এই বিবরণে নিম্নলিখিত বিষয়গুলো অন্তর্ভূক্ত থাকা উচিত: আচরণের ইতিবাচক ব্যবস্থাপনা ও স্বতন্ত্র শিশুদের সহায়তা করার জন্য স্কুলের ধরণ, বিশেষ কোন বুলিয়িং এর ঘটনা শিশুদের উচিত ‘জানানো’র উপর গুরুত্ব দেয়াসহ কিভাবে সমস্যাটি শুরু হলো সে সম্পর্কে পিতামাতাকে নিদেশনা দেয়ার ক্ষেত্রে স্কুলের সাড়া দেয়া এবং বুলিয়িং এর ঘটনা পর্যবেক্ষণ করার জন্য যে সব ব্যবস্থা গ্রহণ করা হয়েছে তার বর্ণনা করা। তবে, স্কুল এককভাবে বুলিয়িং নির্মূল করতে সক্ষম নয়, এক্ষেত্রে পরিবারগুলোকেও এই লক্ষ্যে যৌথভাবে কাজ করতে হবে।

৬. জানুয়ারী ২০০৫ থেকে জানুয়ারী ২০০৬ সালের জন্য বিভিন্ন টার্মের তারিখ

টার্ম শুরু হবে	বৃহস্পতিবার ৬ই জানুয়ারী ২০০৫
মিড-টার্ম হলিডে	সোমবার ১৪ই ফেব্রুয়ারী ২০০৫ (১ দিন)
ইস্টার হলিডেজ	শুক্রবার ২৫শে মার্চ ২০০৫ থেকে শুক্রবার ৮ই এপ্রিল ২০০৫
মে হলিডে	সোমবার ২রা মে ২০০৫
টার্ম শেষ	শুক্রবার ১লা জুলাই ২০০৫
টার্ম শুরু	মঙ্গলবার ১৬ই আগস্ট ২০০৫
অক্টোবর হলিডেজ	সোমবার ১০ই অক্টোবর ২০০৫ থেকে শুক্রবার ২১শে অক্টোবর ২০০৫
খ্রিসমাস হলিডেজ	বৃহস্পতিবার ২২শে ডিসেম্বর ২০০৫ থেকে বুধবার ৪ঠা জানুয়ারী ২০০৬
টার্ম শুরু	বৃহস্পতিবার ৫ই জানুয়ারী ২০০৬

উপরের তারিখগুলো এবারডীশ্যায়ার কাউন্সিলের সকল স্কুলের জন্য প্রযোজ্য। বিভিন্ন ইন-সার্ভিস ডে এবং ২০০৫ সালে অন্য যে সব হলিডে রয়েছে সে সম্পর্কে বিস্তারিত তথ্য পেতে ব্যক্তিগতভাবে স্কুলে যোগাযোগ করুন।

৭. প্রি স্কুল এডুকেশন

২০০৫-০৬ শিক্ষাবর্ষ চলাকালে এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস ৪ বছর বয়সী সকল শিশুর জন্য প্র স্কুল শিক্ষার সুযোগ প্রদান করছে। ৩ বছর বয়সী শিশুরাও তাদের তৃতীয় জন্মদিনের পরে টার্মের জন্য উপযুক্ত বিবেচিত হবে। প্র-স্কুল শিক্ষা বাধ্যতামূলক নয়; কিছু কিছু পিতামাতা তাদের পাঁচ বছরের কম বয়সী সন্তানদের সপ্তাহে আড়াই (২১/২) ঘন্টার জন্য স্কুলে পাঠাতে পছন্দ করেন। প্রতিটি সেশন যেটাতে শিশুটি উপস্থিত থাকবে তা আগেই ঠিক করে নেয়া হয় এর মধ্যে প্লেগ্রুপ/ডে নার্সারী দুটোই সম্পৃক্ত থাকে।

বিভিন্ন মাধ্যম থেকে প্র-স্কুল আসন পাওয়া যেতে পারে; স্থানীয় কর্তৃপক্ষ, প্রাইভেট ও স্বেচ্ছাসেবী, স্থানীয় কর্তৃপক্ষ এর মাধ্যমে সাধারণত বছরের একটি নির্দিষ্ট সময়ে নার্সারীতে ভর্তি হতে হয়। এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস কর্তৃক প্রাইভেট ও স্বেচ্ছাসেবী সেক্টর থেকে প্রদত্ত বিশেষ প্লেগ্রুপ ও ডে নার্সারীর প্র-স্কুল শিক্ষার মান নিশ্চিত করা হয়। এই সব প্রতিষ্ঠানে যদি তাদের আসন খালি থাকে তবে বছরের যে কোন সময় ভর্তি করানো যায়।

চাইল্ড কেয়ার ও প্রি-স্কুল এডুকেশন অপশন সম্পর্কে আরো তথ্য পাওয়া যাবে এবারডীনশ্যায়ার চাইল্ড কেয়ার ইনফরমেশন সার্ভিস এ ফোন করে নম্বর হলো: 0800 298 3330

৮. স্কুলের খাবার

♦ স্কুলের খাবারের দাম ও সরবরাহ

সব স্কুলেই খাবার সরবরাহ করা হয়, প্রাইমারী ও স্পেশ্যাল স্কুলে দুই কোর্স খাবার £১.৪৫ দামে এবং একাডেমীগুলোতে বিভিন্ন ধরণের খাবার সাবসিডাইস দামে পাওয়া যায় ।

♦ 'সাফল্যের জন্য ক্ষুধা'

স্কটল্যান্ড একজিকিউটিভদের 'সাফল্যের জন্য ক্ষুধা' এর উদ্যোগে স্বাস্থ্যকর খাবার লক্ষ্যমাত্রা অর্জনের জন্য সকল স্কুল একত্রে কাজ করছে।

♦ বিনা মূল্যে স্কুলের খাবার

যে সব শিশুদের পিতামাতানিম্নলিখিত সুবিধাগুলো পায় সে সব শিশুরা বিনা মূল্য স্কুলের খাবার পাবে:

- ক. ইনকাম সপোর্ট
- খ. ইনকাম বেইজড জব সিকার এ্যালাউন্স
- গ. চাইল্ড ট্যাক্স ক্রেডিট তবে কোন ওয়ার্কি ট্যাক্স ক্রেডিট নয় এবং মূল্যায়ণকৃত একটি আয় আছে যা £১৩৪৮০ এর বেশী নয়
- ঘ. ছাত্র হিসাবে উপরে বর্ণিত চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেলে
- ঙ. যত্নকারী হিসাবে উপরে বর্ণিত চাইল্ড ট্যাক্স ক্রেডিট পেলে

৯. স্বাস্থ্য

♦ অনুপস্থিতি

দ্য এডুকেশন (স্কটল্যান্ড) এ্যাক্ট ১৯৮০ অনুযায়ী পিতামাতাকে নিশ্চিত করতে হবে যে তাদের সন্তানেরা নিয়মিত স্কুলে উপস্থিত থাকছে। সুতরাং পিতামাতার দায়িত্ব হচ্ছে তাদের সন্তানেরা যাতে পাঁচ বছর বয়স থেকে একটি উপযুক্ত শিক্ষা পেতে পারে তা নিশ্চিত করা। যদি কোন কারণে একটি শিশু স্কুলে অনুপস্থিত থাকে তবে তাদের পিতামাতার উচিত যত তাড়াতাড়ি সম্ভব স্কুলে একটি ব্যাখ্যা সম্বলিত নোট পাঠানো। যদি এই অনুপস্থিতির কোন সন্তোষজনক ব্যাখ্যা দেয়া না হয় তবে সেই সময়টাকে অনির্দিষ্ট অনুপস্থিতি বলে চিহ্নিত করা হবে।

♦ **শিশুর ঔষধপত্র**

১. অল্প সময়ের জন্য অসুস্থ্য শিশুরা যারা স্কুলে যাতায়াতের জন্য উপযুক্ত কিন্তু তখনও তাদের চিকিৎসার প্রয়োজন আছে, এই অবস্থায় পিতামাতার পক্ষে যদি সম্ভব হয় তাহলে এমন ভাবে সময় ঠিক করতে হবে যাতে বাড়িতেই সে চিকিৎসা দেওয়া সম্ভব, যেমন স্কুলের আগে বা পরে এবং যদি শিশুটি দুপুরে বাসায় খেতে আসে তবে সম্ভব হলে দুপরের খাবারের সময়।

২. যে সব শিশুর দীর্ঘমেয়াদী শারিরীক অসুস্থ্যতা (যেমন - হাঁপানী, বহুমূত্র, সিসটিক ফাইবরোসিস, যাদের শারিরীক অবস্থা নিয়ন্ত্রণের জন্য নিয়মিত ঔষধের প্রয়োজন হয় বা সাময়িক চিকিৎসার প্রয়োজন এসব রোগের আক্রমণ/পুনরাক্রমণের জন্য)।

এই সমস্ত শিশুর স্কুল জীবনের অনুকুল সকল সুবিধা দেওয়ার জন্য সর্বোচ্চ চেষ্টা চালানো হবে। কিছু কিছু ক্ষেত্রে শিশুর চিকিৎসার প্রয়োজনে শিক্ষা কর্মীদের নির্দিষ্ট প্রশিক্ষণ দেয়ার প্রয়োজন হতে পারে। এই ব্যাপারে পিতামাতা এবং স্কুল ডাক্তার এর সাথে আলোচনা করা উচিত।

বড় শিশুরা যদি পরিণত বুদ্ধির হয় তাহলে তারা নিজেদের ঔষধ নিজেরাই নিয়ে এলে ও নিয়মিত খেলে ভালো হয়। এছাড়াও পিতামাতা র এই বিষয়টি স্কুলে জানিয়ে রাখা অপরিহার্য। বিশেষ করে যখন কোন শিশুর এ্যাজমার জন্য চিকিৎসার প্রয়োজন হয়, তখন ইনহেলার/ প্রয়োজনীয় ঔষধ-পত্র স্কুলের কোন নিরাপদ জায়গায় সংরক্ষন করে রাখার জন্য শিক্ষার্থীদের অনুরোধ করা হয় । এর ফলে শিশুরা ঔষধ ফেলে আসলে বা শেষ হয়ে গেলেও অহেতুক কষ্ট করতে হবে না। প্রয়োজন মত এই সব ঔষধের মজুদ বছরে কম পক্ষে একবার নবায়ন করতে হবে।

যে সব ক্ষেত্রে শিশুকে স্কুলে ঔষধ নিতে হয় পিতামাতার উচিত স্পস্টভাবে লিখিত বা মৌখিক নির্দেশনা দেয়া যে, কোন ঔষধ কি পরিমাণ ও কত বার খাবে এবং ঐ ঔষধ খাওয়ার জন্য লিখিত কর্তৃত্ব দিতে হবে।

৩. যদি কোন শিশু মাথা ব্যাথা বা অন্য কোন ব্যাথার জন্য পেইনকিলার বা ব্যাথা নাশক ঔষধ চায় তাহলে প্রাইমারী স্কুলের শিশুদেরকে তা দেয়া হবে না। সেকেন্ডারী স্কুলের ছাত্র/ছাত্রীদের জন্য একক মাত্রার ৫০০মি.গ্রাম পরিমাণ প্যারাসিটামল ট্যাবলেট দেয়া হতে পারে। শিশুটিকে তার পিতামাতাকে এ ব্যাপারে জানানোর জন্য স্কুল থেকে একটি নোট দেয়া হবে এবং যে তারিখে চিকিৎসা দেয়া হবে সেই তারিখে সমস্যার বিবরণসহ শিশুটির নামে একটি একটি রেকর্ড (নথি) সংরক্ষণ করা হবে। এই ধরণের সময়ে স্কুল নার্স যদি স্কুলে উপস্থিত থাকেন তবে যে কোন ধরণের দরকারী ব্যাথা নাশক নার্স দিতে পারবে।

নোট: এ্যাসপ্রিন বা এ্যাসপ্রিন জাতীয় কোন প্রডাক্ট স্কুলের প্রাথমিক চিকিৎসার বাক্সে রাখা হয় না।

৪. পরিপাক সংক্রান্ত সমস্যার লক্ষণযুক্ত ছাত্র/ছাত্রীদের এই লক্ষণ সেরে যাবার পর আটচল্লিশ ঘন্টা শেষ না হওয়া পর্যন্ত তাদের স্কুলে যেতে অনুৎসাহিত করা হয়।

এ ছাড়াও, কর্তৃপক্ষ তাদের যে কোন একটি স্কুলে অধ্যয়নরত সকল শিক্ষার্থীদের বা কোন স্বতন্ত্র শিক্ষার্থীকে গ্রাম্পিয়ান হেলথ বোর্ড এর মেডিকেল অফিসার দ্বারা পরীক্ষা করানোর ক্ষমতা রাখেন। স্কুলের শিশুদের জন্য ফ্রি মেডিকেল এবং ডেন্টাল চিকিৎসার নিশ্চয়তা দিতে পারে এমন কিছু সমন্বিত সুবিধার প্রয়োজন রয়েছে যেগুলো সেক্রেটারী অব স্টেটকে অবশ্যই নিশ্চিত করতে হবে।

১০. স্কটল্যান্ডের পরীক্ষা নিরীক্ষার ফলাফল প্রকাশ

শিশুদের সুরক্ষার জন্য আরো শক্তিশালী রক্ষাকবচের ব্যবস্থা করেছে বর্তমান আইন যা বাস্তবায়নের জন্য আসছে। ডিসক্লোজার স্কটল্যান্ড এপ্রিল ২০০২ থেকে স্কটিশ ক্রিমিনাল রেকর্ডস অফিসকে একটি দায়িত্বশীল বডি হিসাবে ঢেলে সাজিয়েছে যেটা আমাদের সঠিক তথ্য সরবরাহ করবে।

চাইল্ডকেয়ার ভুমিকা পালনকারী সকল উপযুক্ত স্টাফ ও স্বেচ্ছাসেবী সবাইকে একটি উন্নত মানের পরীক্ষা প্রক্রিয়া অতিক্রম করতে হবে এর জন্য নানা সিস্টেম রয়েছে। সেই সাথে কিছু নতুন সিস্টেম তৈরী করা হয়েছে যাতে এই ধরণের সকল পরীক্ষা প্রক্রিয়া সফলভাবে এবং সময়মত পরিচালিত হতে পারে।

১১. আবহাওয়া

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস এর সুস্পস্টভাবে তৈরী করা একটি ঝড় সতর্কীকরণ প্রক্রিয়া রয়েছে। ঝড়ের কারণে যদি ছাত্র/ছাত্রীদের ক্ষতিগ্রস্থ হবার সম্ভাবনা থাকে তবে হেড টিচার বিশেষ করে গ্রামীন এলাকার হেড টিচারদের তাদের স্কুল বন্ধ রাখার সিদ্ধান্ত নেয়ার পূর্ণ ক্ষমতা রয়েছে। প্রযোজ্য ক্ষেত্রে হেড টিচারগণ পিতামাতাকে এই ধরণের সিদ্ধান্ত জানাতে যোগাযোগ করার চেষ্টা করে থাকেন। তবে এর কোন নিশ্চয়তা দেয়া সম্ভব নয়, যদিও এই ধরণের জরুরী পরিস্থিতি সামাল দেয়ার জন্য হেড টিচারদের জন্য সকল টেলিফোন নম্বর হালনাগাত করে রাখা খুবই গুরুত্বপূর্ণ। বিপদজনক অবস্থায় যাতে ছাত্র/ছাত্রীদের বাইরে বের করে দেয়া না হয় সেজন্য সব ধরণের ব্যবস্থা গ্রহণের চেষ্টা করা হয়।

প্রতিকূল আবহাওয়ার কারণে শিশুদের স্কুলে বা কাছাকাছি কোন ঠিকানায় ধরে রাখা হতে পারে এবং এ জন্য সকল হেড টিচার সাধারণত পিতামাতাকে তাদের মনোনীত কোন আত্মীয় বা বন্ধুর ঠিকানা ও যোগাযোগ নম্বর দিতে অনুরোধ করেন যাতে এ রকম জরুরী পরিস্থিতে তাদের সাথে যোগাযোগ করা যায় এবং যারা জরুরী অবস্থায় তাদের সন্তানদের দেখাশুনা/যত্ন করবেন। প্রতিটি স্কুলে একটি নিরাপত্তা প্রক্রিয়া রয়েছে এবং হেড টিচারের কাছ থেকে বিস্তারিত বিবরণ পাওয়া যাবে।

- এবারডীনশ্যায়ারের ওয়েবসাইট - এই সাইটটি নিম্নলিখিত ওয়েবসাইট ঠিকানা ব্যবহার করে দেখা যাবে: www.aberdeenshire.gov.uk/adverse। ওয়েবসাইটে এই তথ্য প্রতি বিকেল ৪.০০টায় রিসেট হয় সুতরাং এখান থেকে পরবর্তী দিনের সব তথ্য সংগ্রহ করা যাবে।
- স্থানীয় প্রধান রেডিও স্টেশন - এই রেডিও স্টেশন আমাদের ওয়েবসাইট থেকে সরাসরি প্রতি ১৫ মিনিট পর পর নবায়নকৃত তথ্য বুলেটিন পেয়ে থাকে।
- এবারডীনশ্যায়ার স্কুল ইনফরমেশন লাইন - এটা অপারেট করার জন্য পিতামাতাকে 0870 054 4999 নম্বরে ডায়াল করতে হবে তারপর সেই স্কুলটি সম্পর্কে তথ্য পেতে আপনাকে স্কুলের নির্ধারিত পিন নম্বর দিতে হবে। আপনি যদি প্রথমবারে এই নাম্বরটি না পান আমরা অপনাকে অনুরোধ করবো আপনি যেন এই নম্বরটি স্বয়ংক্রিয়ভাবে রিডায়াল না করেন। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে এটা লাইনকে আরো বেশী ব্যস্ত করে।

১২. আর্থিক বিষয়

♦ পোষাকের জন্য অনুদান

যে সকল পিতামাতা/অভিভাবক এবারডীশ্যায়ার কাউন্সিল কর্তৃক নির্ধারিত মানদন্ড পূরণ করতে পারেন তারা হয়তো একটি অনুদান পেতে পারেন। পিতামাতা/অভিভাবকগণ যারা বেনিফিট, ট্যাক্স ক্রেডিট, সামান্য বেতন বা পেনশন পেমেন্ট পেয়ে থাকেন তাদের জন্য এই অনুদান প্রযোজ্য হবে।

পিতামাতা/অভিভাবকগণকে অবশ্যই এবারডীশ্যায়ার এর মধ্যে বাস করতে হবে এবং তাদের সন্তান/ সন্তানদের ১৭ বছর বয়স পর্যন্ত এবারডীশ্যায়ারের স্কুলে পড়তে হবে। প্রতিটি সন্তানের (যোগ্য হলে) জন্য প্রতি অর্থ বছরে (১লা এপ্রিল থেকে ৩১শে মার্চ) শুধুমাত্র একটি পোষাকের অনুদান দেয়া হবে। নার্সারীতে যাচ্ছে এমন শিশুরা পোষাকের অনুদানের জন্য উপযুক্ত নয়। শিশু/শিশুরা যাতে ঠিকমত স্কুলে যায় তা নিশ্চিত করার জন্য স্কুলের পোষাক কেনার জন্য পিতামাতা/অভিভাবকগণকে সহযোগীতা করার জন্য এই অনুদান প্রদান করা হয়। শুধুমাত্র একাডেমী, প্রাইমারী স্কুল ও এডুকেশন অফিসগুলো থেকে আবেদনপত্র সংগ্রহ করা যাবে।

উপরের সিস্টেমটি বর্তমানে পর্যালোচনাধীন আছে এবং এপ্রিল ২০০৫ এ হয়তো পরিবর্তন হতে পারে।

♦ **ইনস্যুরেন্স**

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস এর নিজস্ব কোন ইনস্যুরেন্স পলিসি নেই যেটা স্বয়ংক্রিয়ভাবে স্কুলের বাউন্ডারীর মধ্যে বা বাউন্ডারীর বাইরে সংঘটিত স্কুলের ছাত্র/ছাত্রীদের ব্যক্তিগত দুর্ঘটনার ক্ষতিপূরণ দিতে পারে। এই জাতীয় ইনস্যুরেন্স যেমন ব্যক্তিগত দুর্ঘটনা, জীবন, প্রাইভেট মেডিকেল ইত্যাদিকে পিতামাতার দায়িত্ব হিসেবে বিবেচনা করা হয়। যদি আপনি দরকার মনে করেন পিতামাতা হিসেবে এটা আপনার দায়িত্ব আপনার সন্তানকে ব্যক্তিগত দুর্ঘটনা বা মৃত্যুর ঝুঁকি থেকে মুক্ত রাখার জন্য ইনস্যুরেন্স করা।

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস তৃতীয় পক্ষের লায়াবিলিটি ইনস্যুরেন্স এর ব্যবস্থা রাখে যেটা কাউন্সিল'কে তৃতীয় পক্ষের দাবী, যেমন, কাউন্সিল বা তার কর্মচারীদের অবহেলার কারণে সংঘটিত কোন ক্ষয়ক্ষতি বা হানি, অসুস্থ্যতা, বা আঘাতজনিত কারণে ভুগছে এমন ছাত্র/ছাত্রীদের পক্ষে তাদের পিতামাতার দাবী থেকে নিরাপদ রাখে। তবে যেখানে অবহেলার কোন প্রমাণ নেই সেখানে কাউন্সিল কোন দাবী মেনে নেয় না।

এডুকেশন অথরিটি'র দায়িত্ব হচ্ছে স্কুল চলাকালীন সময়ে সকল প্রাইমারী ও সেকেন্ডারী স্কুলের ছাত্র/ছাত্রীদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা। তবে যেহেতু ধরে নেয়া হয় যে সেকেন্ডারী স্কুলের ছাত্র/ছাত্রীরা একটু বেশী পরিপক্ক সেহেতু তাদের বেলায় কম মাত্রার তত্ত্বাবধানই যথেষ্ট।

স্কুলের পরিবহনের অফিসিয়াল সময়সূচীর কারণে যদি প্রাইমারী স্কুলের কোন ছাত্র/ছাত্রী স্কুলের স্বাভাবিক সময়ের আগে আসে ও পরে যায় তবে তাদের বেলায় হয়তো যথেষ্ট তত্ত্বাবধান দরকার হতে পারে। স্কুল পরিবহণে বাড়ী ফেরার পথে শিশুরা যখন বাস থেকে নামে তার পূর্ব পর্যন্ত তাদের দেখাশুনার সাধারণ দায়িত্ব অব্যাহত রাখা দরকার, এর পর থেকে তাদের দায়িত্ব তাদের পিতামাতার।

♦ **আবাসিক স্কুল**

এবারডীনশ্যায়ার কাউন্সিল এলাকায় আবাসিক স্কুলের কোন ব্যবস্থা নেই এবং এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস বিশেষ পরিস্থিতি যেমন বিশেষ ধরণের স্কুলে শিশুদের আর্ট, নাটক, গান ইত্যাদি সাপোর্ট করা ছাড়া এলাকার বাইরে আবাসিক ব্যবস্থার জন্য কোন রকমের পেমেন্ট প্রদান করে না। সাধারণত অথরিটির এলাকার বাইরে বিশেষ আবাসিক স্কুলগুলোতে ছাত্র/ছাত্রীদের পাঠানোর পুরা খরচ এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস বহন করে থাকে।

♦ **ই.এম.এ**

যে সব ছাত্র/ছাত্রী তাদের ১৬ বছর বয়সের পরে স্কুলে পড়ে বা কলেজে পরবর্তী পূর্ণকালীন শিক্ষা গ্রহণের জন্য স্কুল ত্যাগ করে তারা হয়তো এডুকেশন মেনটেনেন্স এ্যালাউন্স (ই.এম.এ) পাওয়ার উপযুক্ত বিবেচিত হবে। টার্ম টাইমে ই.এম.এ সাপ্তাহিক এ্যালাউন্স হিসাবে দেয়া হয় এবং বাৎসরিক দুইটি বোনাস পেমেন্ট দেয়া হয়। এই পেমেন্ট পাওয়ার জন্য শিক্ষার্থীদের অবশ্যই গ্রহণযোগ্য শিক্ষা এগ্রিমেন্ট থাকতে হবে।

ই.এম.এ একটি পরীক্ষিত পদ্ধতির এ্যালাউন্স - কোন শিক্ষার্থী যদি এমন কোন বাড়ীতে বাস করে যাদের সর্বসাকূল্যে বার্ষিক আয় £৩০,০০০ এর চেয়ে কম তারা একটি এ্যাওয়ার্ড এর জন্য উপযুক্ত বিবেচিত হতে পারে (বাড়ীর এই আয় হয়তো ২০০৫/০৬ শিক্ষা বর্ষে বেড়ে যেতে পারে)।

আরো তথ্য ও আবেদনপত্র একাডেমীগুলো থেকে পাওয়া যাবে। যে সব শিক্ষার্থী স্কুল ছেড়ে কলেজে যেতে উদ্যোগ নিচ্ছে তাদের উচিত বিস্তারিত তথ্যের জন্য তাদের কলেজে যোগাযোগ করা।

এন.বি. - ই.এম.এ একটি নতুন ধরণের এ্যালাউন্স যা তিন বছর সময়ের ধরে দেয় হয়। ২০০৪/০৫ শিক্ষা বর্ষের জন্য শুধুমাত্র সেই সব শিক্ষার্থী যাদের বয়স ১লা মার্চ ২০০৪ ও ২৮শে ফেব্রুয়ারী ২০০৫ এর মধ্যে ১৬ বছর হবে তারা এই স্কীমের জন্য যোগ্য বিবেচিত হবে। ২০০৫/০৬ শিক্ষা বর্ষের মানদন্ড এই মূহুর্তে স্পস্ট নয় তবে ধারণা করা হচ্ছে ১৬ ও ১৭ বছর বয়সীরা ২০০৫/০৬ সালের ই.এম.এ এর জন্য যোগ্য বিবেচিত হবে।

১৩. এ্যালকোহল ও মাদকদ্রব্য

কর্তৃপক্ষ সকল স্কুলে সাধারণ শিক্ষাবিষয়ক ও সহায়তামূলক উপাদান সরবরাহ করবে। এই কার্যক্রমের লক্ষ্য হবে নানা ধরণের কৌশল অবলম্বন করে সচেতনা স্থষ্টি করা, এই প্রক্রিয়ার সাথে পিতামাতাকে সম্পৃক্ত রাখা হবে এবং এ্যালকোহল ও মাদকদ্রব্য সংক্রান্ত কোন ঘটনা সম্পর্কে প্রাপ্ত তথ্য নিয়ে কাজ করার ব্যাপারে স্টাফগণ সঠিকভাবে প্রশিক্ষণপ্রাপ্ত কিনা তা নিশ্চিত করা হবে। এবারডীনশ্যায়ারের একটি নীতি রয়েছে যা স্কুলগুলোকে মাদকদ্রব্য সংক্রান্ত কোন ঘটনা নিয়ে কাজ করার জন্য নির্দেশনা প্রদান করে থাকে।

১৪. স্কুল বোর্ড

এবারডীনশ্যায়ারের অধিকাংশ স্কুলের একটি স্কুল বোর্ড প্রতিষ্ঠা করার অধিকার রয়েছে। একটি বোর্ডে কতজন সদস্য থাকবে তা নির্ভর করবে স্কুলের ভুমিকার উপর তবে প্রত্যেক বোর্ডে কো-অপটেড সদস্যদের পাশাপাশি পিতামাতা ও স্টাফদের মধ্য থেকে প্রতিনিধি থাকবে। কোন একটি নির্দিষ্ট সময়ে স্কুলে বোর্ড আছে কি নেই তা আপনাকে হেড টিচার অবহিত করতে পারবেন। হেড টিচার আপনাকে বর্তমান বোর্ডের সদস্যদের হবার জন্য আপনার নাম এবং বোর্ডে সদস্য নির্বাচিত হবার পদ্ধতি সেই সাথে অনুষ্ঠিতব্য নিবার্চনের সময় সম্পর্কে আপনাকে পরামর্শ প্রদান করতে পারেন। যে সব পিতামাতা তাদের সন্তানকে স্কুলে ভর্তি করাবেন তাদের উচিত সেই স্কুলের সাথে সম্পৃক্ত স্কুল বোর্ডের ভোটার হিসাবে তাদের নাম তালিকাভূক্ত করা হয়েছে কিনা তা নিশ্চিত করা। বোর্ডের নির্বাচনে উপযুক্ত নমিনেশন এর ভিত্তিতে সকল পিতামাতার প্রার্থী হবার অধিকার রয়েছে।

১৫. ছাত্র/ছাত্রীদের ফটোগ্রাফি ও ভিডিও রেকর্ডিং

এবারডীনশ্যায়ার এডুকেশন এ্যান্ড রিক্রিয়েশন সার্ভিস এটা অনুধাবন করে যে পিতামাতা'রা তাদের সন্তানদের স্কুল জীবনের স্মৃতি রাখতে চান এবং তারা হয়তো স্কুলের খেলাধুলা, কনসার্ট ও স্পোর্ট ডে বা এই ধরণের বিভিন্ন সময়ের ছবি ও ভিডিও রাখতে চান ।

এই ইচ্ছার প্রতি সাড়া দিয়ে এবারডীনশ্যায়ার কাউন্সিল পরিচালিত নার্সারী ও স্কুলগুলোতে একটি নতুন নীতি চালু করা হয়েছে যেখানে ব্যক্তিগত অধিকারের প্রতি সম্মান প্রদর্শন করতে শিক্ষার্থীদের ফটোগ্রাফি ও রেকর্ডিং এর অনুমতি দেয়া হয়েছে।

এবারডীনশ্যায়ার এর শিক্ষামূলক প্রতিষ্ঠানসমূহ

প্রতিষ্ঠানগুলো এ্যালফেবেটিকাল অর্ডার অনুসারে তালিকাভূক্ত করা হয়েছে এবং প্রতিটি এন্ট্রি নীচের তথ্যগুলো ধারণ করে:

১. প্রতিস্ঠানের ধরণ

N	নার্সারী স্কুল	N/P	নার্সারী/ প্রাইমারী স্কুল
6YRS	ষষ্ঠ বর্ষ পর্যন্ত সেকেন্ডারী স্কুল	SP	স্পেশ্যাল স্কুল
P	প্রাইমারী স্কুল	CC	কমিউনিটি সেন্টার

২. প্রতিষ্ঠানের পুরা নাম ও ডাক যোগাযোগের ঠিকানা

৩. পোষ্ট কোড

I	ইনভারুরী	Ba	বানফ	S	স্টোনহ্যাভেন
T	টারিফ	P	পিটারহেড		

৪. এরিয়া কোড

B	বুচান	G	গারিওচ
BB	বানফ এ্যান্ড বুচান	M	মার
F	ফরমেটিন	KM	কিনকারডিন এ্যান্ড মির্য়ানস

৫. কমিউনিটি স্কুল নেট ওয়ার্ক (সি.এস.এন) যেগুলো ঐ প্রতিষ্ঠানের আওতাভূক্ত

৬. সেকেন্ডারী স্কুলগুলোকে বোল্ড করে তালিকাভূক্ত করা হয়েছে সেই সাথে তাদের সংযুক্ত প্রাইমারী স্কুলকে ব্রাকেটে রাখা হয়েছে। একটি প্রাইমারী স্কুলে ভর্তি হলে সেই স্কুলটি কোন সেকেন্ডারী স্কুলের ফিডার স্কুল তা ব্রাকেটে নির্দেশ করে।

৭. প্রতিষ্ঠান প্রধানের নাম।

৮. প্রতিটি প্রতিষ্ঠানের ঠিকানা, ফোন নম্বর এবং ফ্যাক্স নম্বর (যেখানে আছে) দেয়া হয়েছে। যেমন:

P	18	Auchterless School Auchterless Turriff, Aberdeenshire AB53 8BA (205)	T	F	Turriff Gail Burnett	01888 511221	01888 511580

অচটারলেস স্কুল হচ্ছে একটি প্রাইমারী স্কুল যেটি টারিফ একাডেমী (২০৫) এর সাথে সংযুক্ত। অফিস কোড, এরিয়া কোড, কমিউনিটি স্কুল নেটওয়ার্ক (সি.এস.এন), প্রতিষ্ঠান প্রধান, টেলিফোন নম্বর এবং ফ্যাক্স নম্বর উপরে যেভাবে দেয়া হয়েছে।

বি.এন. ব্রাইসিড স্কুলকে বিবেচনা করা হয় পি২ থেকে পি ৪ বয়সীদের জন্য, এখান থেকে ছাত্র/ছাত্রীরা অন্য প্রাইমারী স্কুলে যায়, যার নাম আচনাগ্যাট (যেখান থেকে পরবর্তীকালে তারা মিন্টল' একাডেমীতে স্থানান্তরিত হয়) এবং মেথলিক (যেখান থেকে পরবর্তীকালে তারা মেলড্রাম একাডেমীতে স্থানান্তরিত হয়)।

মেথলিক প্রাইমারী স্কুল এলোন ও মেলড্রাম একাডেমী দুটোর জন্যই জোনভুক্ত স্কুল। মেলড্রাম একাডেমী চালু করার পরিকল্পনা বাস্তবায়নের ফলাফল স্বরূপ এলোন এখন পর্যন্ত ২০০৪/০৫ শিক্ষা বর্ষের এস৫ ও এস৬ এর জন্য জোনভুক্ত স্কুল, যেটা পরবর্তী বছর এস৬ নেয়া বন্ধ করে দিবে। ২০০৬ সালের আগস্ট মাস থেকে নতুন জোন পরিপূর্ণভাবে চালু হবে।

বিভিন্ন নার্সারী, ইনফ্যান্ট, প্রাইমারী, স্পেশাল, সেকেন্ডারী ও কমিউনিটি সেন্টার

(১৫/১২/০৪ তারিখে সঠিক ছিল)